দৈনিক ইত্তেফাক

তারিখ 12 MAR 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬

# মাদারীপুরে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বহু পদ শূন্য

মাদারীপুর সংবাদদাতা ।। মাদারীপুর প্রাইমারী ট্রেনিং ইনষ্টিটিউটে (পিটিআই) বর্তমানে সহকারী সুপারের পদটি শূন্য রহিয়াছে। প্রশিক্ষণ বিদ্যালয়ের শিক্ষকের একটি পদ ও সহকারী লাইব্রেরীয়ানের একটি পদ অনেকদিন যাবৎ শূন্য। ফলে প্রশাসনিক কাজসহ ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া দারুণভাবে ব্যাহত হইতেছে। ইনষ্টিটিউটে নিম্নমান অফিস সহকারী ও সুইপারের দুইটি পদও বর্তমানে শূন্য।

এইদিকে কালকিনি থানায় প্রাথমিক শিক্ষকের ২২টি পদ বর্তমানে শূন্য রহিয়াছে। তন্মধ্যে প্রধান শিক্ষকের ৩টি ও সহকারী শিক্ষকের ১৮টি পদ রহিয়াছে। জানা যায়, শিক্ষক সংকটের কারণে কালকিনি থানার কয়েকটি বিদ্যালয়ে লেখা-পড়া ব্যাহত হইতেছে।